

তারিখ: 10/01/2012

₹5 মূল্যমানের ভারতীয় চিকিৎসা-বিজ্ঞান গবেষণা পরিষদ (আই সি এম আর) ধাতুমুদ্রা জারি –“সঞ্চলন ধাতুমুদ্রা”

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই নিম্নলিখিত মাত্রা, নকশা এবং গঠন সম্বলিত ₹5 মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলনে আনবে অর্থাৎ

আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু মিশ্রণ
বৃত্তাকার 23 মিলিমিটার	100	নিকেল পিতল যার মধ্যে তামা 75% দস্তা 20% নিকেল 5%

নকশা

মুখ ভাগ	পৃষ্ঠ ভাগ
মুদ্রার মুখভাগের কেন্দ্রে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ”, বামদিকের পরিধিতে হিন্দিতে “भारत” শব্দ এবং ডান দিকের পরিধিতে ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে। শীর্ষস্থ সিংহের নীচে আন্তর্জাতিক অঙ্কে লিখিত মূল্যমান “₹ 5” হবে।	মুদ্রার এই ভাগে থাকবে ভারতীয় চিকিৎসা-বিজ্ঞান গবেষণা পরিষদ (আই সি এম আর)-এর প্রতীক যার নীচে লোগো- হিন্দিতে “परीक्ष्य कारिणोहि कुशलाभवन्ति”- শব্দ। ডানদিকে এবং বামদিকে বর্ধিত তিনটি রেখা এবং লোগোর নীচে প্রদর্শিত হবে বর্ষ “1911-2011”. উপরের পরিধির ওপর “भारतीय आयुर्विज्ञान अनुसंधान परिषद्” শব্দ এবং নীচে “शताब्दी वर्ष CENTENARY YEAR” হবে।

কয়েনেজ অ্যাক্ট, 1906 অনুযায়ী এই ধাতুমুদ্রাগুলি বৈধ টেন্ডার। এই মূল্যমানের বর্তমানে বিদ্যমান ধাতুমুদ্রাও বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

অজিত প্রসাদ
সহকারী মহা প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/1103